

বুকের পাঁজর নেই

আজাদ আলম

(বন্ধু পত্নীর অকাল মৃত্যুতে)

ঘরে ঢুকেই থমকে দাঁড়ালাম
বিবর্ণ বিছানায় তাকালাম নিস্পলক
শায়িত বন্ধুর তীর-বিদ্ধ অবয়বে দেখি
সুনামি বিধ্বস্ত সীমাহীন সন্তাপ
নিদ্রাহীন টলমল চোখে স করুণ আর্তনাদ
বন্ধু, আমার কাছের মানুষটি নেই

সান্ত্বনার ভাষা আমি খুঁজে পাই নি।

পাথর মূর্তির মতো পাশে বসলাম -
টেনে নিলো আমার হাত তার বুকে
হৃদপিণ্ডে কি যে তোলপাড়, উথলে উঠছে ঢেউ
অশান্ত ফুসফুস, হাপর চালাচ্ছে বুঝি কেউ
ডুকরে ডুকরে কাঁদছে বিভ্রান্ত মন
বন্ধু, আমার বুকের পাঁজর নেই ।

শত চেষ্টাতেও মুখ ফুটে কিছু বলা হয় নি।

জানাজার শেষে পাশে দাঁড়ালাম
হিমায়িত কফিনে ওর প্রার্থনারত হাত
নিঃশব্দে মাগছিল আত্মার মাগফেরাত -
সহসাই ভেঙ্গে গেল তার কান্নার বাধ
স্কন্ধে মাথা রেখে কাঁদল এবং কাঁদল
বন্ধু, আর তো চলার পাথেয় নেই ।

আমার সিক্ত বেদনা কোন শব্দ খুঁজে পায় নি।

সদ্য মরহুম জননীর সুকোমল সান্নিধ্য পেতে
আকুল হয়ে ছিলে কি তাই পরপারে যেতে
দিনান্তের আয়োজন সাজ করলে ত্রস্ত গতিতে
চৈত্র দুপুরের বিষণ্ণ বেলায়
আসীন হলে তুমি ডুবন্ত ভেলায়
দ্বীপান্তরে চলে গেলে নিয়তির এ কোন খেলায়?

আমি নিশ্চিত এ প্রশ্নের জবাব কখনো আসে নি।